যায়যায়দিন

তারিখ 18 FEB 2008
পৃষ্ঠা ১৫ কলাম ৭

# মোবাইল ফোনে প্রশ্নপত্র নিয়ে বাউবির পরীক্ষা নেয়া হলো

পিরোজপুর প্রতিনিধি

ট্রেজারি থেকে প্রশ্নপত্র নেয়া না হওয়ায় অভিনব পন্থায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এইচএসসির একটি পরীক্ষা পিরোজপুর সরকারি সোহরাওয়ার্দী কলেজের টিউটরিয়াল কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে। এ ঘটনায় গতকাল পিরোজপুরে তোলপাড় শুরু হয়েছে।

গতকাল ট্রেজারির রেজিস্ট্রার বই পরীক্ষা করে দেখা যায়, বাউবির অধীনে এইচএসসি পরীক্ষা ২০০৭-এর ইতিহাস দ্বিতীয়পত্রের এ কেন্দ্রের প্রশ্নপত্র ট্রেজারিতে জমা রয়েছে। অথচ গত ১৫ ফেব্রুয়ারি যথারীতি ওই পরীক্ষা হয়েছে। এরপর সাংবাদিকরা পরীক্ষা কেন্দ্র কর্তৃপক্ষের সঙ্গে সরাসরি যোগাযোগ করলে জানতে পারেন, পরীক্ষা কমিটির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা পাশের একটি কেন্দ্র থেকে মোবাইল ফোনে প্রশ্ন শুনে তা ব্লাকবোর্ডে লিখে দিলে পরীক্ষার্থীরা তা দেখে উত্তর লিখে পরীক্ষা দেয়।

গত শুক্রবার ওই কেন্দ্রে সকালে ইতিহাস প্রথমপত্র ও বিকালে ইতিহাস দ্বিতীয়পত্রের পরীক্ষা ছিল। একই সময় ইসলামের ইতিহাস এবং ইতিহাস (ঐচ্ছিক-১ ও ২) বিষয়ের পরীক্ষাও ছিল। বিকালের পরীক্ষা শুরুর সময় দেখা যায় ইতিহাস দ্বিতীয়পত্রের কোনো প্রশ্নপত্র নেই। অন্য দুই বিষয়ের প্রশ্নপত্র পরীক্ষা হলে বিতরণ করার পর এ পত্রের ২১ পরীক্ষার্থী প্রশ্নপত্র না পেয়ে হইচই শুরু করে। তখন পরীক্ষা গ্রহণকারীদের টনক নড়ে। এদিন শুক্রবার থাকায় ট্রেজারি থেকে প্রশ্নপত্র সংগ্রহ করা যাবে না মনে করে দায়িত্বরতরা বিকল্প পন্থা অবলম্বন করেন। হলে উপস্থিত বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পিরোজপুর কেন্দ্রের সমন্বয়কারী মফিজুল ইসলামের সম্মতিতে নাজিরপুর শহীদ জিয়া কলেজ কেন্দ্র থেকে মোবাইল ফোনে মোট ২০টি প্রশ্ন সংগ্রহ করে ব্লাকবোর্ডে লিখে দেয়া হয়।

এ কাজে প্রায় ২০ মিনিট নষ্ট হয়। এই ২০ মিনিট সমন্বয় করার জন্য বিকাল ৫টায় পরীক্ষা শেষ হওয়ার করা থাকলেও তা শেষ হয় ৫টা ২০ মিনিটে। বাউবির আরেক পরীক্ষা কেন্দ্র জিয়ানগর কলেজ থেকে প্রশ্ন সংগ্রহ করে তা পরীক্ষকের জন্য উত্তরপত্রের সঙ্গে পাঠানো হয়।

এ ব্যাপারে পিরোজপুরের ট্রেজারি অফিসার (ভারপ্রাপ্ত) মোঃ সেলিম হোসেন জানান, কেন্দ্র কর্তৃপক্ষের গাফিলতির কারণে এ ঘটনা ঘটেছে।